Whatever be it, through the evenings during the puja, he found time to spend with me and listened to my unending senseless banter. We stole innumerable moments in the huge sea of people circling us, we figured ways to grab a seat on the roadside benches for a quick chit-chat and we held hands in the dark while we watched Hindi movies projected on huge screens outside our local puja pandal.

Puja time in Haldia was always overwhelmingly intoxicating with him around.

And I am forever grateful to him for all these extraordinarily savored moments of the yesteryears.

I am forever grateful to him for these sweet reminisces every time Durga Puja knocks on the door.

I am forever grateful that his memories continue to bring a joyous smile on my face during the festive seasons and brighten my otherwise mundane days!

So maybe, I couldn't let him go, who knows?

Aratrika Gupta

My Dad my Hero

Gopa Mukherjee

My Baba is like a banyan tree
The shoots drop down and cover
A lot of ground
Underneath it is so cool and spacious
The solidity and stability embraces you
As you sit underneath and it protects
You from heat and sun
It holds you so lovingly
I have always seen my father spread his arms and hold his world safe under him
His patients, his family and his friends
He never speaks of his pain and sorrow
He always looks at life with positivity and cheer
Even when his heart breaks he carries on with a smile so no one knows
His family thinks he is God like
His all loving and all sacrificing self
He is always putting everyone before him
Never have I seen my father ask for something for himself
Like a tree he just gives shelter and solace to every soul that he comes in contact
He is a very hard act to follow but I hope
Like the little roots of the tree that grows into a tree in the Banyan grove
Everyone one of us that he loves
Can carry the essence of the majestic tree and light the world around us
How proud and fortunate I am to have
Such an incredible human as my father
And my role model



Sunayana Das

কর্কট

রোশ্মি ভৌমিক

দীপু উল্টো হয়ে বসে, থুতনিটা চেয়ারের কাঠের তক্তার উপর আলতো করে ঠেকিয়ে, আকাশ কুসুম চিন্তা করছিলো |অনলাইনএ নতুন বন্ধুত্ব গড়ে উঠছে | মেয়েটার নাম রোজি|

শোবার ঘরে হঠাৎ কাশির আওয়াজ শুনে, দীপু হুড়মুড়িয়ে চেয়ার থেকে পরে যাচ্ছিলো| ডানহাতটা বাড়িয়ে মেঝেতে ভর দিয়ে নিজেকে সামাল দিলো| সুখের বক্ররেখা নিম্নগামী|

এক দৌড়ে বিছানার পাশে এসে দেখে, বাটিকের চাদরে ছোপ ছোপ রক্তের দাগ| আম্মি যে রুমাল দিয়ে মুখটা চেপে আছে সেটাও গাঢ় লাল রঙে ভেঝা| তার আম্মির ফুসফুসে ক্যান্সার ধরা পড়েছে|
দুজনের চোখাচোখি হলো| অসহায় অশ্রুবিন্দুগুলি চোখের কোনায় আটকে আছে| বয়ে যাওয়ার আজাদী পায়নি| আম্মি দীপুকে খুব ভালোবাসে আর দীপুর কাছে জান্নাত ওর আম্মি|

গত চারবছর যাবৎ একটা সামান্য কেরানির চাকরি করছে দীপু| মাসের খরচায় বেতন ফুরিয়ে যায়| সঞ্চয় বলতে প্রায়ই কিছুই তার নেই| শখ করে একটা মোবাইল ফোন কিনেছে গত মাসে| তার গানের গলা বেশ ভালো| আম্মির কাছেই রবীন্দ্রসঙ্গীত আর নজরুলগীতি শিখেছে| ফোনের ষ্টারমেকার এপ্প এ সে রোজই একটা গান পোস্ট করে| অনেকগুলো লাইক আর কমেন্ট পায়| তার অনুগামীর সংখ্যাও প্রায়ই নয়শো| প্রত্যেকদিন বিকেলে, এক ঘন্টা, সে স্টারমেকারের জগতে হারিয়ে যায়| পার্টি রুমে গিয়ে গান করে, অন্যদের গান শোনে| বেশ কয়েকজন ভালো বন্ধু হয়ে গেছে| --রোজি তার মধ্যে একজন|

রোজি থাকে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে| পেশায় সফটওয়্যার ইঞ্জিনিয়ার| ওর দুটো ছেলেমেয়ে ৪ আর ৭ বছর| ছয়মাস আগে ওর বিয়ে ভেঙে গেছে| চাকরি করে আর ছেলে-মেয়ের দেখাশোনা করে ওর হাতে বলতে গেলে কোনো সময়ই থাকেনা দিনের বেলায়| রাতে, সে বড় একাকী বোধ করে| ক্লান্ত শরীর বিছানাতে এলিয়ে দিলেও কিন্তু তার মন চঞ্চল| ঘুম আসতেই চায় না| ঘুমানোর আগে স্টারমেকারে দুএকটা গান গেয়ে আর শুনে তার মনটা হালকা হয়ে যায়| গানের গলা ওর মোটামুটি| তবে গান শুনতে ওর খুব ভালো লাগে| বিশেষ করে দীপুর গান প্রতি রাতে শোনাটা ওর একরকম নেশার পর্যায়ে চলে গেছে|

দীপু যে গান পোস্ট করতো সেই গানগুলি অর্থবহ ও মর্মস্পর্শী| সুর ও তালের উপর দীপুর বেশ ভালো দক্ষতা| প্রত্যেকটি কথা সযত্নে উচ্চারণ করায় অর্থ ও ভাব দুটোই সম্পূর্ণ রূপে অভিব্যক্ত, গানের প্রতিটি পংক্তিতে| সেই গানের অনুরণনে সুখানুভূতির ঢেউ খেলে যেতো, রোজির মনে|

“*মম জীবন যৌবন*
মম অখিল ভুবন
তুমি ভরিবে গৌরবে
নিশীথিনী-সম
তুমি রবে নীরবে

নিবিড়, নিভৃত, পূর্ণিমা নিশীথিনী-সম
তুমি রবে নীরবে, হৃদয়ে মম...”

আজকের গানটা শুনতে শুনতে তার ডাগর চোখদুটো সজল হয়ে উঠলো| জামার হাতায়ে চোখ মুছে সে বালিশটাকে খানিকক্ষন জড়িয়ে থাকলো|

শোবার ঘরে বেশি আসবাবপত্র নেই| অধিকাংশটাই বড় বিছানা দখল করে নিয়েছে| কোনায় প্রসাধনী বস্তু রাখার জন্য একটা ছোট কাঠের টেবিল ও পাশে একটা চেয়ার | তার ঠিক ওপরেই, দেয়ালে লাগানো আছে একটা গোল আয়না| দশ মিনিট আগে টেবিলের সামনে বসে, রোজি তার লম্বা চুল আচড়াতে আচড়াতে, তার সুশ্রী মুখখানির প্রতিবিম্ব দেখে নিজেই হেসে উঠেছিল| কে বলবে ওর পঁয়তিরিশ বছর বয়স|

ছিপছিপে আকর্ষণীয় গড়ন| কলেজে পড়তে পড়তেই বিবাহের প্রস্তাব এসেছিলো| বিদেশে চাকরি করা পাত্র পেয়ে তার মা বাবা খুশি হয়ে তাড়াতাড়ি বিয়ে দিয়ে দিলেন| এই বিছানাতেই তাদের প্রথম সহবাস| শুয়ে শুয়ে রোজি সেই যন্ত্রণাদায়ক স্মৃতিগুলো মনে করছিলো | হাসিখুশি, সংবেদনশীল প্রকৃতির মেয়েটি চেয়েছিল ভালোবাসা| প্রতিদানে পেয়েছিলো সমবেদনাহীন, পাশবিক যৌনসহবাস| নিজেকে আর্থিকভাবে স্বয়ংভর করাই যথেষ্ট হলো না| মন শক্ত করে তাকে রুখে দাঁড়াতে হয়েছিল, অন্যায়ের বিরুদ্ধে| আজ সে বড় একা| একাই, জীবনের নানান বাধা-বিপর্যয়ের সম্মুখীন হচ্ছে, প্রতিদিন| তবু, এগিয়ে চলার একটা দুর্নিবার আশা প্রতিক্ষনে যেন তার মধ্যে প্রাণ ও সজীবতা ঢেলে দিচ্ছে|

বাচ্চা মেয়ের অজস্র খেলনার থেকে মাঝারি আকারের একটা টেডি ভাল্লুক সে নিজের ঘর নিয়ে এসেছিলো| রাতের অন্ধকারে সেই টেডিকে দুহাত দিয়ে জাপ্টে ধরে কারুর সাহচর্য পাওয়ার বাসনা তাকে আবেগপ্রবণ করতো| সম্প্রতি, সেই টেডির নামকরণ করেছে, দীপু|

সন্ধ্যে বেলা দীপু আম্মিকে ডাক্তারের কাছে নিয়ে এসেছে| ডাক্তার বলেছেন শিগগিরি একটা অপারেশন করালে আম্মির বাঁচার সুযোগ থাকবে| তা নাহলে রোগটা দ্রুত ছাড়িয়ে যাবে| নিয়ন্ত্রণ করা প্রায় অসম্ভব| কর্কট রোগের চিকিৎসায় অনেক খরচ| আব্বা, দীপু ছোট থাকতেই হৃদ রোগে মারা গেছিলেন| আপার বিয়ে হয়ে দিল্লিতে থাকে| মাঝে মাঝে আর্থিক সাহায্য করে, ওর স্বামীর সম্মতি পেলে|

অপেরেশনের জন্য দু লক্ষ টাকা জমা দিতে হবে| চিন্তায় দীপু খুব অসহায় বোধ করছিলো| আপা পঞ্চাশ হাজার টাকা দু-তিন দিনের মধ্যে পাঠানোর আশ্বাস দিয়েছে| দুজন ঘনিষ্ট বন্ধু, বাবলু আর পল্টু, ওকে আরো পঞ্চাশ হাজার টাকা ধার দিতে রাজি হয়েছে|

আজকাল স্টারমেকার পরিবারে যোগদান করা যায়| সেখানে থাকে দৈনন্দিন কাজ যা প্রত্যেক পরিবারের সদস্যকে চব্বিশ ঘন্টার মধ্যে সম্পন্ন করতে হয়| দীপু রোজ নতুন নতুন গান পোস্ট করতো| গত তিনদিন ধরে, গান করার কথা ভাবতেও পারেনি, দীপু| আজ ভাবলো স্টারমেকারে গিয়ে ফ্যামিলি ক্যাপ্টেন কে জানিয়ে দেয়া দরকার যে সে আম্মির অপারেশন নিয়ে ব্যস্ত থাকবে| মেসেজ-এ গিয়ে দেখে, সর্বনাশ!রোজির এতগুলো মেসেজ|
"কেমন আছো তুমি ?"

"সব ঠিক আছে?"
"গান পোস্ট করছো না দেখছি|"
"আমার মেসেজের উত্তর দিচ্ছো না যে? রাগ করলে নাকি?"
" কি হল?"
"কি হল তোমার, একবার বল কিছু| "

দীপু দীর্ঘশ্বাস ফেলে, "রোজি ম্যাডাম, কেমন আছেন? আম্মির অপারেশন-এর জন্য আমি ব্যস্ত ছিলাম|"
দু মিনিটের মধ্যেই উত্তর এলো| "শুনে খুব দুঃখিত| কি হয়েছে?"

দীপু লিখলো, "আম্মির ক্যান্সার হয়েছে| ফুসফুসের অপারেশন করতে হবে| অনেক টাকার ধাক্কা| আমি সেটার বন্দোবস্ত করবার চেষ্টা করছি| "
"তাই স্টারমেকারে বেশ অনেক দিন আসতে পারবোনা| আমি দুঃখিত, রোজি ম্যাডাম| "

একটা লম্বা নিস্তব্ধতা| আধঘন্টা পরে উত্তর এলো, "আচ্ছা দীপু, আমি কি তোমার কোনো সাহায্য করতে পারি?"
আনন্দ আর দ্বিধাতে দীপু থমকে গেলো| "আমার বলতেই লজ্জা লাগছে এখনো এক লক্ষ টাকার বন্দোবস্ত করতে পারিনি, ম্যাডাম|"

রোজি তাড়াতাড়ি, মাথায়, একটা অঙ্ক কষলো| সমতুল্য প্রায় ১৩০০ ডলার| কলকাতা যাবার জন্য কিছু টাকা সঞ্চয় করেছিল| মা বাবার সঙ্গে সামনা-সামনি দেখা হয়নি, দুই বছর হয়ে গেছে| কিন্তু ভগবানের আশীর্বাদে তাঁরা দুজনেই সুস্থ আছেন|

"দীপু, আমাকে কিছু জরুরি তথ্য দিতে হবে| তোমার ব্যাঙ্ক , একাউন্ট, ঠিকানা, ফোন নম্বর এগুলো আমাকে জানালে, আমি তোমাকে টাকা পাঠাতে পারি|"
"ম্যাডাম, আপনি আমার জন্যে, খুদা| আমি যত তাড়াতাড়ি পারবো টাকাটা শোধ দিয়ে দেব|"

Goodbye...till we meet again!

Anuradha Kamath

You came into our lives
At seven weeks,
Flurry, excited, apprehensive,
All in a small physique.

A definite challenge it was
For you to train,
Housebreaking, rules, and
Walking on a leash was a strain.

Chewed carpets, scratched furniture
And hairy floors,
There never was a minute,
We could call a bore.

Weeks to months to years
Cherishly passed,
It all seems like,
A blink of an eye, so fast.
Your ever happy waggy tail
Never stopped,
Everytime you stood to greet us
Your legs close to our shoulders, propped!

Playing fetch, tug-o-war and
Wrestling on the carpet floor,
You enriched our lives
Beyond every measure for sure!

And then last year at fifteen,
You breathed your last,
With us all cradling you
Your soul just passed.

For days and even now
My eyes still cry.
Your lack of presence,
Even now we deny.

We know in our heart
Your spirit we Grace,
Everytime your precious
Memories, we embrace!

Goodbye our sweetheart
With love and gratitude to YOU,
That you'd enrich our lives
With so much love, who knew?

And that's why they say
Dog is God, in fond
So, till we meet again dear,
With your precious memories we'll always bond!


USA
UNITED STATES
AIR FORCE
FLY
FIGHT
WIN

আত্মবিশ্বাস ও ঐক্যের প্রতীক এক ঝাঁক "F-16 THUNDERBIRDS" ডেনভারের আকাশে

রুচিরা রায় বর্মন

রকি মাউন্টেন এর তুষার শৃঙ্গে মন্ডিত, নানা প্রকারের চিরহরিৎ সুগন্ধি পাইন বন, দিকবিদিক থেকে উড়ে আসা অগুনতি কত নাম না জানা পাখির কলকাকলিতে ভরা আকাশ বাতাস, বরফ গলা হিমশীতল নীল নদী দিয়ে ঘেরা আমাদের ঝকঝকে অপূর্ব সুন্দর শহর, ডেনভার I

আমাদের বাড়ির অদূরে দিগন্ত বিস্তৃত সবুজ ভুট্টা এবং হলুদ সূর্যমুখী ফুলের ক্ষেতে ঢেউ খেলে যায় হিমেল হাওয়া, উঁচু নিচু লাল পাথুরে পথ পেরিয়ে ....দিগন্ত যেখানে আদরভরে ছুঁয়েছে দূরের আকাশকে , সেখানেই যেন আবছা দেখতে পাই সাদা গম্বুজের মতো কিছু আকৃতি বিশেষ I ঠিক যেন মেঘ বালিকার সফেন সাদা ওড়নায় জড়ানো আরব্য উপন্যাস থেকে উঠে আসা শ্বেত পাথরে মোড়া সুন্দর একটি রাজপ্রাসাদের গগনচুম্বী গম্বুজের সারি I অবাক হয়ে ভাবতাম এ হয়তো অনেকটাই সেই ছেলেবেলাকার গল্প বইয়ের পাতা থেকে উঠে আসা অতি পরিচিত সুন্দরী রাজকুমারী জেসমিন এবং আশ্চর্য প্রদীপ হাতে নিয়ে আলাদিন, আর তাদের পরম বন্ধু 'জিনি', নানা রকম চমৎকার সব জাদুর খেলা দেখাতে দেখাতে উড়ন্ত কার্পেট এ করে সারা দুনিয়াময় ঘুরে বেড়াচ্ছে I

বাড়ির বেলকনিতে দাঁড়িয়ে এমনি ভাবেই প্রায়শই এক মায়াময় জগতে বিলীন হয়ে যেতাম আমি I তাই একদিন আমার কল্পনার গরু যখন গাছের চূড়ায় চড়ে বসেছে, ঠিক তখনি দূর থেকে দেখতে পেলাম ওই সাদা গম্বুজগুলো থেকে যেন এক ঝাঁক যান্ত্রিক পাখির দল, গর্জন করতে করতে তাদের ভারী লোহার ডানা মেলে আকাশে গা ভাসিয়ে পাড়ি দিয়েছে কোন দূর অজানায় ... গর্বিত, রাজকীয় এক ঝাঁক F-16 ফাইটার এরোপ্লেন I

সদ্যই বিদেশে এসেছি তখন...অল্প বয়সের মুগদ্ধতা তখন চোখে, নিঃশ্বাসে লেগে আছে দেশের মাটির সোঁদা গন্ধ I চারপাশের খবর রাখি অনেক কম, আমি তাই অতশত জানবোই বা কেমন করে? বড়োজোর সেই ইউক্যালিপটাস এবং ড্রুপিং দেবদারুতে ঘেরা, আগরতলার (ত্রিপুরার রাজধানী) কলেজটিলাস্থিত হালকা নিলাভো রঙের বিশাল বড় লেইকটির ওপর দিয়ে উড়ে যাওয়া এক ঝাঁক বালি-হাঁসের দল!

তবে হ্যাঁ ঠিকই ধরেছেন, ভালোভাবে খবর নিয়েই জানতে পারলাম সেই গম্বুজগুলো কোনো গল্প গাঁথা নয়, অতি বাস্তব এবং খুবিই গুরুত্বপূর্ণ একটি বিষয় I এ হলো, মার্কিন যুক্তরাষ্ট্রের বিমানবাহিনীর অতি বিখ্যাত একটি এয়ার বেস, নাম BUCKLEY AIR FORCE BASE, যেটি আমাদের এই ডেনভার শহরেই অবস্থিত এবং এটির নামকরন হয়েছে প্রথম বিশ্ব যুদ্ধের এয়ার ফোর্সের পাইলট লেফটেনান্ট ‘জন হেরাল্ড বাকলে’ -র সম্মানার্থে ১৯৩৮ সালে I

জীবনের অনেকটাই পথ পেরিয়ে এসেছি এই মার্কিন মুলুকে I এই দেশটিও আজ প্রায় বহুদিন হলো আমাদের আপন করে নিয়েছে উদারমনে I স্বদেশের মতোই ভালোবেসেছি তাকে I যখন বিশ্বের আর সকল দেশের মতোই এই দেশটিও ভয়ঙ্কর করোনাভাইরাস দ্বারা ভীষনভাবে আক্রান্ত হলো, তখন

আমরাও সবাই অসহায়, হতভম্ব, এবং হতচকিত হয়ে গেছি I মহামারীতে ছারখার হয়ে গেছে জনজীবন। আজ প্রায় দুবছর হতে চললো এই মরণ ভাইরাসটির বিষাক্ত ছোবল থেকে সকলকে সুস্থ রাখার আপ্রাণ চেষ্টা করে চলেছেন আমেরিকার স্টেট ও ফেডারেল গভর্মেন্ট I ‘PARTIAL LOCKDOWN’- ও ঘোষণা করেছেন, বেঁধে দিয়েছেন স্বাস্থ সম্মত বেশ কিছু নিয়মের বন্ধনে I আমেরিকার বেশ কিছু রাজ্যে দেশের সার্বিক আর্থিক উন্নয়নের কারনে অনেকটাই শিথিল করা হয়েছে “লকডাউন”I

আমাদের মাঝে এমন অসংখ্য বীর আছেন, যাঁরা ফ্রন্টলাইনের ওয়ার্কার, অর্থাৎ, সকল ডাক্তার, নার্স, অন্যান্য স্বাস্থ্য কর্মী, দমকলকর্মী, সুপারমার্কেটের সকল এমপ্লয়ী, এবং আরো অনেকে, তাঁরা এই COVID 19 - এর মতো বিশ্বব্যাপী মানবজীবনকে তছনছ করা ধ্বংসলীলায় মত্ত, ভয়ঙ্কর নির্মম শত্রুটির বিরুদ্ধে, নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে প্রত্যেকদিন, প্রত্যেকমুহূর্তে বিশাল যুদ্ধ লড়ে যাচ্ছেন I

এবার ফিরে আসছি আবার মূল ঘটনায় I প্রায়ই আমার বাড়ির নিকটবর্তী সেই সাদা গম্বুজওয়ালা এয়ার-বেস থেকে ডেনভারের আকাশ বাতাস কাঁপিয়ে এয়ার ফোর্সএর এক ঝাঁক F-16 যুদ্ধ বিমান, যাদের আরেক নাম "THUNDERBIRDS"... স্বদর্পে উড়ে যেত I সারা দেশের বিভিন্ন রাজ্যেই এয়ার ফোর্স বাহিনী আমেরিকার আকাশে উড়ন্ত এরোব্যাটিকস (এয়ারশো) প্রদর্শন করে চলেছেন I সে এক অভাবনীয় অপূর্ব দৃশ্য I সবাইকে ঐক্যবদ্ধ এবং উজ্জীবিত করার জন্যেই "THUNDERBIRDS"- এর দ্বারা এই অসাধারন এরোব্যাটিকস- এর প্রদর্শনটি একটি অত্যন্ত সুপরিকল্পিত ও সুন্দর প্রচেষ্টা ! তাদের ধরিত্রী কাঁপানো বিকট যান্ত্রিক আওয়াজ যেন বীরদর্পে স্লোগান দিয়ে চলেছে "জীবন জীবনের জন্যে.... আমরা করবো জয় নিশ্চয় "!!

United States Air Force (U.S.A.F) এর "THUNDERBIRDS ", বিশ্বের 'তৃতীয় প্রাচীনতম' ফর্মাল ফ্লাইং এরোব্যাটিকস-এর দল এবং আমেরিকার এয়ার ফোর্সের একটি অত্যন্ত সুবিখ্যাত এয়ার ডেমোন্সট্রেশন স্কোয়াড্রন I এটি তৈরী হয়েছিল আজ থেকে ৬৭ বছর আগে, ১৯৫৩ সালে I এদেশের বহু পুরানো সভ্যতা থেকে প্রচলিত হয়ে আসা মাইথোলজি থেকে নেওয়া একটি কিংবদন্তি প্রাণীর নাম অনুসারে নাম করন করা হয়েছে এই "THUNDERBIRDS" নামটি I বিশেষভাবে চিহ্নিত (সাদা, লাল, এবং নীল আমেরিকার জাতীয় পতাকার রং) এই 'F-16' যুদ্ধ বিমানগুলি, দেশের সব কটি রাজ্যে এবং বিশ্বের অনেক দেশে স্বগর্বে ভ্রমণ করে নানাবিধ ফ্লাইং এরোব্যাটিক ফরমেশন এবং একক ফ্লাইং এয়ারশো প্রদর্শন করে থাকে I এছাড়াও এই "THUNDERBIRDS" বিমানগুলিকে দেশের প্রয়োজনে দ্রুত অপারেশনাল ফাইটার ইউনিটেও রূপান্তরিত করা হয়ে থাকে I

এয়ার ফোর্স-এর বিমানবাহিনীর সকলে, দেশের 'ফ্রন্টলাইনের কর্মীদেরও' নিজেদের মতোই 'মহান যোদ্ধা' মনে করে থাকেন I তাই দেশবাসীর প্রতি ওঁদের একটিই প্রত্যাশা যে, যখন ওঁরা সগরীমায় আকাশ পথে উড়ে যাবেন একসাথে, তখন আমরা সবাই যেন আকাশের দিকে তাকিয়ে মাথা উঁচু করে দেশ -

রক্ষাকারী বীর যোদ্ধাদের মতই এই সকল ফ্রন্টলাইন কর্মীদের কথাও স্মরণ করে সম্মিলীত ভাবে সম্মানভরে স্যালুট জানাই !!

আসুননা .... আজ আমরা সারা বিশ্ববাসী সকলে মিলে একিই অঙ্গীকারে আবদ্ধ হই, যাতে একে অপরের সাথী হয়ে, সকল স্বাস্থ্য সম্মত প্রটোকলগুলি মেনে নিয়ে, আমাদের সবার চরম শত্রু ‘করোনা-ভাইরাসের ‘যন্ত্রনাময় এবং প্রতারণাপূর্ণ অস্তিত্ব থেকে খুউব শিগ্গিরই নিজেদের মুক্ত করতে পারি I আমরা আবার সবাই মুক্ত আকাশের নিচে দাঁড়িয়ে নির্ভয়ে প্রাণ ভরে নিঃশ্বাস নিতে পারি ...!!

এই কথাগুলো লিখতে লিখতে আজ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বহুজনশ্রুত একটি কবিতার লাইন মনে পড়ে গেলো.

” বল বীর, বল উন্নত মম শির. শির নেহারি' আমারি নত শির ওই শিখর হীমাদ্রীর...বল বীর”....!! .



VIDYASAGAR

Abhijit Sengupta

বিদ্যাসাগরের সংস্পর্শে এসে যাঁরা উপকৃত হয়েছেন, তাঁদের অনেকের নামই বহুচর্চিত, বা রামকৃষ্ণেঞ্চর সঙ্গে সাক্ষাৎকার ও অনেকের জ্ঞাত, তবে আরও যোগ করতে হবে:

১) রাণী রাসমণি, বিদ্যাসাগরের থেকে প্রায় ৩০ বছর বয়সে বড় ছিলেন। তাঁর সঙ্গে বিদ্যাসাগরের আত্মীয় সুলভ সম্পর্ক ছিল। তাঁর জনহিতকর সমাজ সংস্কারের কাজে বিদ্যাসাগরকে সক্রিয়ভাবে পাশে পেয়েছেন। রাণীও নিজ পরিবারে বিধবা বিবাহ করিয়েছেন।

২) ডা: কাদম্বিনী গঙ্গোপাধ্যায়- বিদ্যাসাগরের থেকে ৫০ বছরের ছোট ছিলেন। তিনি নিজে স্ত্রীশিক্ষাপ্রসারে সমাজের বিরোধের বিরুদ্ধে বলতে গেলে আন্দোলনই করেছিলেন, নিজে সমস্ত বিরোধকে অতিক্রম করে উচ্চশিক্ষিত হয়েছিলেন- বিশাল বৃটিশসাম্রাজ্যে প্রথম University Graduate & বলতে গেলে প্রথম মহিলা মেডিক্যাল গ্রাজুয়েট ও প্রথম চেম্বার খুলে পেশাদার ডা:। বিদ্যাসাগরের কাছে তিনিও উৎসাহ ও অনুপ্রেরণা পেয়েছিলেন- আর পেয়েছিলেন তাঁর সুযোগ্য স্বামী দ্বারকানাথ-এর কাছ থেকে সারাজীবন।

RAIN IN SEPTEMBER?

Ananya Dasgupta

Read from childhood about Rainy Season
The months are July and August.
But, why without any reason
Rains drizzle out in September?

The flower-pots in my garden
Got no water from the natural fountain.
July and August were so dry
That one could (as if) hear the plants cry.

Monsoon mingles with Autumn
From the scorching heat to the soothing balm.
Sweetness of flowers in the gentle breeze
Birds on the trees chirping at ease.

Lovely butterflies keep flitting on flower
While rain falls with drops of silvery shower.
Rainbow appears on sky with majestic vibgyor colours
The tune of music comes in its melodious hours.

When the world is a slave to the deadly microbes
When we are wearing masks and body-length robes.
Little do we realize who's causing and what's the reason
That's bringing such a blow and change of season.
July and August are now history,
Rain in September is still a mystery!

Sunayana Das

আমার গল্প

সমীর বিশ্বাস

নাটক করা আমার শখ
পাগলের মতো, বলতে পারেন
নবছরে প্রথম করি,
বাড়াবাড়ি ধরতে পারেন।
যে শহরেই গেছি আমি
থাকবো বলে দিন কতক
খুঁজে খুঁজে বের করেছি
বাঙালীদের ঘর বসত।
ডেনভারেতে ছিলাম বেশ
অনেক বছর আগে তাই
ঠিক করে তা বলতে গেলে
খুঁজতে হবে মনের ঠাঁই।
যাহোক আসল কথায় আসি
হলো আলাপ যার সাথে
তিনি আবার নাটক করান
পেলাম যেন চাঁদ হাতে

বন্ধু তাদের হলাম আমি
ভালো তারা হয়তো তাই
যোগাযোগটা রেখেছিলেন
উদার মন সন্দেহ নাই।
করোনার এই মহাদাপটে
ঘরের মাঝে সময় কাটে
ভাবলাম তাই ঘুরে আসি
স্যামকাকুর এই দেশ থেকে।
হচ্ছে নাটক জানতে পেরে
আর্জি দিলাম তাদের কাছে
থাকবো আমি পুজোর শেষে
একটা কিছু রোল পেলে।
এটাই ছিল গল্প আমার
এখানে এই নাটক করার
সবাইকে তাই জানিয়ে দিলাম
উড়ে এসে জুড়ে বসে।



খোলা মাঠের বায়োস্কোপ

অমিত নাগ

পূজো শেষ। প্যান্ডেলের খুঁটি বাঁশ সব খুলে ফেলা হয়েছে। পাড়ার ক্লাবের সামনে এক চিলতে পার্ক বা যাদের নিজেদের খেলার মাঠে পুজো হয়, সেই সব জমি এখন একটু এবড়ো খেবড়ো। প্যান্ডেলে ঢাকা থাকায় কয়েকদিন রোদ না পেয়ে, আর মানুষের পায়ের চাপে ঘাসগুলো হলুদ হয়ে উঠেছে। জায়গাটা এখন কেমন ধূলিময়। কার্তিক মাস আসছে। রাতে হিম পড়ে অল্প অল্প। ভোরে জমিটার মাটি তাই কেমন হালকা ভেজা ভেজা লাগে। এই সময় পাড়ায় পাড়ায় পূজো শেষে ফাংশন হয়, দুর্গাপূজার ক্লোসিং সেরিমনি, বিচিত্রানুষ্ঠান, জলসা। হেমন্ত সতীনাথ মান্না শ্যামল মানবেন্দ্র সন্ধ্যা মাধুরী নির্মলা প্রতিমা র গানের জলসায় রাতভোর দাপিয়ে বেড়ানো অস্তমিত হয়ে এসেছে। এখন আরতি বনশ্রী হৈমন্তী অরূন্ধতি অনুপ হৈমন্তি-শৈলীর শিবাজী সুবীর পিনটু এদের যুগ। হিন্দি গানেও রফি মুকেশ আশা লতা আর বাংলায় বিচিত্রানুষ্ঠানে গান গাইতে আসেন না। তাদের জায়গায় আসে নতুন উঠে আসা বাণী জয়রাম, হেমলতা ,অনুরাধা, কুমার শানু, অমিতকুমার, মহম্মদ আজিজেরা। যে সব ক্লাব এদেরও আনতে পারে না, তারা আনে রফি বা কিশোরকন্ঠের,আশা বা লতাকন্ঠী সস্তাদরের শিল্পী। তারা স্টেজে উঠে বাংলার সংস্কৃতি কে স্বীকৃতি দিতে প্রথমে একটা রবীন্দ্রসংগীত দিয়ে অনুষ্ঠান শুরু করে - যেমন "ক্লান্তি আমার ক্ষমা করো প্রভু। " এটা শেষ হলেই, অর্কেস্ট্রার দিকে তাকিয়ে একটা ইঙ্গিত দেয় আর অমনি শুরু হয়ে যায়, "মণিকা ও মাই ডার্লিং," গোছের জনগণের চাহিদা মেটানো লাস্যময় গান। বেস আর স্প্যানিশ গিটার এর বাদ্যকররা সাধারণত সাদা বেলবটম, ডগী কলারের রঙিন জামা রাতেও চোখে রোদচশমা পরা তরুণ সুদর্শন যুবক। মনে হতো বড় হয়ে ওদের মতো গিটার বাজাতে না পারলে এ জীবনের কোনো মানেই হয় না। ইলেট্রিক গিটার নামে

একটা অদভুত যন্ত্র ছিল তারের ওপর মেটাল বার স্লাইড করে যন্ত্রীরা বাজাতো জনপ্রিয় গানের সুর। শুধু অর্কেস্ট্রা দিয়ে মন মাতিয়ে দিতে পারতেন ভি বালসারা অনেক বুড়ো বয়স অবধি।

কোনো কোনো পাড়ায় জলসা ছাড়াও হতো নাটক বা যাত্রার অনুষ্ঠান। শান্তিগোপাল, অমর দে, বীণা দাশগুপ্ত, বেলা সরকার কত নাম - শান্তিগোপালের হিটলার বা আমি সুভাষ বলছি দেখে অভিভূত হয়েছিলাম। আমাদের পাড়ার ক্লাবটি নিজেদের একটু বেশি সংস্কৃতিসচেতন বলে মনে করতো। তাই বিচিত্রানুষ্ঠান ছাড়াও হতো থিয়েটার - যাত্রা নয়। যাত্রা কে একটু অন্য চোখে দেখা হতো বলে। সেখানে অজিতেশ কেয়া , রুদ্রপ্রসাদ স্বাতীলেখা যেমন আসতো গ্রুপ থিয়েটারের প্রযোজনা নিয়ে তেমন আসতো কমার্শিয়াল থিয়েটার নিয়ে সাবিত্রী সর্বেন্দ্র বাসবী সত্য বন্দোপাধ্যায় রত্না ঘোষাল, গুরুদাস, মলিনা। অদভুত মানুষ ছিলেন সর্বেন্দ্র। মানুষটিকে ওই তারাশংকরের "না", "মল্লিকা" গোছের কমার্শিয়াল থিয়েটার ছাড়া অন্য কোথাও দেখা যেত না বিশেষ। মঞ্জরী আমের মঞ্জরী, নাট্যকারের সন্ধানে ছটি চরিত্র, সওদাগরের নৌকা, আন্তিগোনে এ সব একাডেমিতে দেখার অনেক আগেই অনেক ছোটবেলায় পাড়ার মাঠেই দেখা হয়ে গেছে। অবাক লেগেছিলো অজিতেশের মতো অতবড় অভিনেতা কেমন সামান্য পায়জামা পাঞ্জাবি চাদর গায়ে আমাদের সামনে দিয়ে হনহনিয়ে হেঁটে স্টেজে উঠলেন দেখে। অথচ স্টেজের ওপরে কি দাপট - যেন অন্য মানুষ। কেয়া চক্রবর্তীর শান্তিনিকেতনের বন্ধু ছিলেন পাড়ার এক অনামী কাকিমা। "ভালোমানুষ" " অভিনয় করতে এসে বহুদিন পরে পুরোনো বন্ধুকে দেখতে পেয়ে তার বাড়িতে ঢুকে জড়িয়ে ধরে কতো গল্প করলেন আর খিলখিলিয়ে হাসলেন। অথচ তার কয়েক মিনিট পরেই স্টেজে সম্পূর্ণ অন্য রূপ - লিড রোলে সেই অসামান্য অভিনয়।

অনুষ্ঠান করতে এসে পাড়ারই কোনো বড়োলোক বাড়িতে বিশ্রাম নিতে উঠতেন শিল্পীরা। তখন এত হোটেল ছিলোনা , হোটেলে ওঠার প্রশ্নও তাই ছিল না। সেই সব বড়ো বাড়ির সুন্দরী গৃহিনীরা পরে গোল গোল চোখ করে গল্প করতেন গুরুদাস মলিনা শুক্তো খেয়ে মুগ্ধ হয়ে কেমন দুবার চেয়ে খেয়েছেন, অথবা অতবড় অভিনেত্রী হয়েও কি মিষ্টি আপন করা ব্যাবহার সাবিত্রীর - টমেটোর চাটনি কেমন ভালোবেসে চেটেপুটে খেলেন। মায়ের পাশে বসে আমরা বড়ো বাড়ির বড়ো গিন্নিদের গল্প শুনতাম। লক্ষ লক্ষ মানুষের হৃদয়ের মণি প্রিয় অভিনেতা অভিনেত্রীরাও যে সাধারণ মানুষ বিশ্বাস হতো না।

সব পাড়াতেই পয়সাওয়ালা বড়ো ক্লাব, ছাড়াও দু একটা গরিব ছোট ক্লাব থাকতো। এরা দুর্গাপূজা করতে পারতো না বলে কালীপূজো বা কম বাজেটের পূজোগুলোর আয়োজন করতো। এদের পূজোর আনন্দ অনুষ্ঠান বলতে ছিল মাঠে পর্দা টাঙিয়ে সিনেমা দেখানো। ধর্মতলায় সিনেমার রীল, প্রজেক্টর ভাড়া দেবার কোম্পানি ছিল কয়েকটা। কালীপূজোর পরে এক বিকেলে দেখতাম মাঠে দুধসাদা পর্দা টাঙানো হচ্ছে। উত্তেজনায় ছটফট করতাম সন্ধ্যে নামার জন্য। বন্ধু-বান্ধব, মা, কাকিমা সমেত পাড়া প্রতিবেশী, সন্ধেবেলায় মাঠে হাজির হতো সবাই ভিড় করে। দিনের আলো নিভে এলে পর্দায় ম্যাজিক। পুরোনো

সাদাকালো ফিল্ম। কোথাও কোথাও নষ্ট খানিকটা অংশ, তাতেও রসভঙ্গ হবার প্রশ্ন নেই। শুরুতে পর্দার প্রোজেকশনে - আঁকি বুকি , কাটা দাগ , ফট্ করে এক টুকরো শব্দের আউটবার্স্ট , তার পর ৯, ৮, ৭...... সংখ্যা দিয়ে কাউন্ট ডাউন শুরু করে আবহসংগীত সহকারে শিল্পী কলাকুশলীদের নাম দেখিয়ে সিনেমা শুরু। শুরুতে প্রায়শই ফিল্মের স্পুলিংয়ের গতি ঠিক থাকে না। দ্রুত অথবা ধীরলয়ে কিছুক্ষণ ঘোরার পর গতি স্থিতিশীল হয়। তাই শুরুতে আবহসংগীতের স্বর সুতীক্ষ্ণ অথবা জলদগম্ভীর শোনায়। বাচ্চারা হেসে ওঠে। পাড়ার মাঠে সিনেমা হওয়ার সুবাদে বাড়ির নিয়ম কানুনে ছাড় পাওয়া যায়। বড়োদের সিনেমা বলে আপত্তি করে না কেউ বিশেষ। উত্তম , বিশ্বজিৎ, সৌমিত্র , অনিল, ছবি বিশ্বাস, সুচিত্রা , সুপ্রিয়া , মাধবী , অঞ্জনা, অপর্ণা, সাবিত্রীর কতনা ছবি দেখা হয়ে গিয়েছিল সেই বয়সেই। প্রেমের গূঢ়ার্থ সম্পূর্ণ ভাবে উপলব্ধি করতে না পারলেও, নায়ক নায়িকার আনন্দের মুহূর্তগুলো ভালো লাগতো , বিচ্ছেদ হলে বা বিপদে পড়লে তাদের জন্য কষ্ট হতো। প্রায় ছবিতেই একটা দৃশ্য থাকতো নায়ক বা নায়িকার একজন ট্রেনে চড়ে দূর দেশে চলে যাচ্ছে। ধোঁয়া উড়িয়ে হুইস্ল বাজিয়ে স্টিম ইঞ্জিনে টানা ট্রেন আস্তে আস্তে স্টেশন ছেড়ে চলে যাচ্ছে। নায়ক নায়িকার হাত ছাড়াছাড়ি হয়ে যাচ্ছে। তারপর স্টেশনের মানুষটা ট্রেনের সঙ্গে ছুটতে থাকছে যতক্ষণ না ট্রেনের স্পিড বাড়ছে। কষ্ট হতো , মনে হতে ট্রেনের ভেতরে যে, সে কেন চেন টানছে না। কি বিশেষ বাধ্যবাধকতার জন্যে এক জন মানুষের চেন টানা সম্ভব হতো না তা বোঝার বয়স তখন হয় নি। সপ্তপদী, সবরমতী, চিরদিনের, তিন কন্যা, মেমসাহেব , আপনজন, নায়িকা সংবাদ, মায়ামৃগ , তিন ভুবনের পারে - কত সিনেমা , তাদের কত কত গান আর অভিনেতা-নেত্রীদের প্রাণ ঢালা অভিনয়।

একটাই প্রজেক্টর। একটা রীল শেষ হয়ে এলে পর্দা আলোহীন হয়ে যায়। প্রজেক্টরের সামনে তখন পরের রীল লাগানোর তোড়জোড়। প্রজেক্টরের মাথা দিয়ে সাদা একটা আলোর স্তম্ভ সোজা আকাশের দিকে উঠে গেছে। তিন চারটে কালো কালো অবয়ব প্রজেক্টর ঘিরে রীল পাল্টাতে ব্যাস্ত। আর বাকি চারপাশ শুধু চাঁদের মায়াবী মৃদু আলোয় আলোকিত। মা কাকিমারা গল্প শুরু করেছে , নিত্যদিনের সংসারের গল্প, পাড়ার লোকেদের কথা, চেনা মানুষের খোঁজ নেওয়া, ফেলে আসা অসম্পূর্ণ রান্নার কথা। আমি মাটিতে শুয়ে আকাশের দিকে চেয়ে চাঁদ দেখছি। কালীপুজোর পর বাতাসে বেশ শিরশিরে ঠান্ডা আর হিম ভাব। গায়ের চাদর জড়িয়ে ওপরের দিকে তাকিয়ে দেখতাম বিরাট গোল সাদা চাঁদটা মেঘের পর মেঘ পেরিয়ে কেমন ছুটে চলেছে। তার বুকের মধ্যে খরগোশটা অবধি পরিষ্কার দেখা যাচ্ছে। কিছুক্ষন মেঘের আড়ালে ঢাকা পড়ে থাকার পরেই আবার মেঘ ফুড়ে বেরিয়ে এসে চাঁদটা কেমন তরতর করে এগিয়ে চলেছে। নারকোল গাছের পাতারা হাওয়ায় ঝির ঝির করে নড়ছে আর পাতার আড়ালে মিটিমিটি তারারা লুকোচুরি খেলছে। আবার একটা হৈ হৈ আওয়াজে সম্বিৎ ফিরে পেতাম , পর্দা আলোকিত হয়ে উঠেছে। নতুন রীল লাগিয়ে সিনেমা আবার শুরু হয়েছে।

এবার গরমের ছুটিতে স্কুল কলেজ বন্ধ হতেই ছেলে মেয়েরা বায়না ধরলো সিনেমা দেখার। সাধারণত মুভি থিয়েটারে গিয়েই সিনেমা দেখা হয়, কখনো বা বাড়িতে বসে। মাথায় অন্য অভিসন্ধি ঘুরছিলো। দুদিন আগেই অন্য কোথা থেকে যেন শহরে ফিরছিলাম। শহরের বাইরে খোলা মাঠে পর্দা টাঙানো ড্রাইভ-ইন থিয়েটার দেখতে পেয়েছিলাম। আমেরিকায় এসে বহুদিন ধরে লক্ষ্য করেছি ছোট বা মাঝারি শহরে এখনো অনেকে খোলা মাঠে মাঝ রাত্তির অবধি সিনেমা দেখতে ভালোবাসে। কখনো যাওয়া হয় নি। শহরের সীমানায় বিশাল জায়গা জুড়ে ড্রাইভ-ইন সিনেমা। টিকেট কেটে গাড়ি চালিয়ে ঢুকে যাও , বিশাল পার্কিং স্পেস বরাদ্দ প্রতিটি গাড়ির জন্য। দরজা জানলা খুলে গাড়ির মধ্যে বসে পড়ো। ইচ্ছে হলে ফোল্ডিং চেয়ার পেতে বাইরেও বসা যায়। বিরাট খোলা পর্দায় সিনেমা দেখানো হবে আর তার শব্দ পেয়ে যাবে গাড়ির রেডিওর বিশেষ এক চ্যানেলে। ছেলে মেয়েরা প্রথমে মৃদু আপত্তি করেছিল, পরে নতুন একটা অভিজ্ঞতার কথা বলে রাজি করানোর চেষ্টা চললো। ভাগ্গিস ওদের পছন্দের "ডেস্পিকেবল মি ৩" দেখানো হচ্ছিলো, তাই শেষ অবধি গাঁইগুঁই করেও রাজী হলো যেতে।

কতদিন পরে আবার এমন খোলা আকাশের নিচে সিনেমা দেখছি। পপ কর্ন, কোকও জোগাড় করা গেছে। ছেলে মেয়ে বড়ো হয়ে গেছে, তবু ওরা এখনো ছোটদের মতো এনিমেশন, কার্টুন ফিল্ম দেখতে ভালোবাসে। এ ছবিটাও মন্দ নয়। সবার ওপরে কত পুরোনো কথা মনে পড়ে যাচ্ছে। সেই কালীপূজোর পরে পাড়ার মাঠে পর্দা টাঙিয়ে সিনেমা দেখানোর কথা। ছবিটা এক সময় শেষ হয়ে আসে এবং শোনা যায় এবার "কারস ৩" দেখানো হবে। একটা টিকিটে নাকি দুটো করে মুভি দেখানো হয়। সবাই হৈ হৈ করে ওঠে খুশিতে। আমি ঘুম পাচ্ছে বলে মৃদু আপত্তি করে হালে পানি পাই না ওদের কাছে। এখন রাত সাড়ে বারোটা। চারিদিক নিঝঝুম। দূরের বাড়ি গুলোর আলো নিভে গেছে অনেকক্ষন। বাতাসে বেশ ঠান্ডা ঠান্ডা ভাব। জ্যাকেটের চেন ভালো করে বন্ধ করে আকাশের দিকে তাকিয়ে আছি। গাড়ির স্পিকারে সিনেমার শব্দ কেমন যেন দূর থেকে ভেসে আসা শব্দের মতো শোনাচ্ছে। আকাশে গুরুপূর্ণিমার মস্ত চাঁদ। অজস্র সাদা মেঘ ভেসে বেড়াচ্ছে। যুক্তিবাদী মস্তিস্ক বলছে মেঘগুলো বাতাসে গতি পেয়ে ছুটে বেড়াচ্ছে। মন তা না মেনে বলছে তা কেন, চাঁদটাই ছুটে চলেছে মেঘের পরে মেঘ পেরিয়ে। কখন তন্দ্রা লেগে গিয়েছিলো। ছেলে মেয়েরা বললো তুমি কি দ্বিতীয় সিনেমাটা একটুও দেখলে না। যেন নাক ডাকার আওয়াজ পাওয়া গেলো বলে মনে হলো। বললাম দেখলাম তো সিনেমা। তবে এ এক অন্য ছবি। আর তার কাহিনীর ব্যাপ্তি সাড়ে চার, পাঁচ দশক জুড়ে। কত্তকালের গল্প সেসব, ঠিক যেন এক বায়োস্কোপ।


"A Day Without
Laughter is a
Day Wasted"...
.... charlie chaplin
Saumyi Majumder
Grade-4
Samuels Elementary
School

Times of COVID 19

Mita Mukherjee

The bright sky so vividly blue
The wondering clouds floating to and fro
The stalwart pine trees, straight and strong
The spring is finally coming!
A long winter it has been —
The tiny little leaves turning green
The tiny little buds pushing thru
The tiny flowers ready to peep anew
Alas, here comes the frosty snow again
Wiping away the flowers and leaves with disdain!
They turn black and brown and fall to the ground
I stare at them with sadness profound
If nothing, this corona virus has taught us something
Like the snow, from nowhere came this virus
Sweeping thru the world deadly and serious
Life is not to be taken for granted
One day safe and sound, next day totally annihilated!
Be careful how you act and of things you say—-
An angry word leaves an ugly scar
A loving word can easily go so far!
So much better to spread a smile and cheer
Then to see a face filled with fear or a tear
So people, remember words and the feelings are that stay
So be mindful of others and please tread with care!

Retirement blues

Mita Mukherjee

Thirty years off and on

A routine it has been so far

Working, cooking and cleaning and so on

Every hour, every minute spoken for!

The alarm went off at 6 AM, without fail

Punching the snooze button to no avail,

Hurry hurry, rush rush!

Avoid the main traffic crush!

A cozy corner table at work

A sense of mutual respect in fact,

Busy somedays mostly, other days not

Sharing a cup of tea piping hot!

At the end of the day, a job well done

It felt good! A validation and satisfaction for one

After retiring, people say ‘best days are ahead’

If so— somedays why do I feel so empty and sad?

I have to immerse myself in hobbies, I know

Exercise, paint, read and sew!

Ok— fine! I know I cannot turn the clock back!

I should count my blessings and be glad that

I don’t have to give the snooze button a final whack!!